

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
মনিটরিং-১ শাখা  
www.lgd.gov.bd

উন্নয়নের গণতন্ত্র  
শেখ হাসিনার মূলমন্ত্র

নং-৪৬.০৯৯.০১৫.০২.০২.০০২.০০৫.২০১৫-/৩৬

তারিখ : ৩০-০১-২০১৮ খ্রিঃ

বিষয়ঃ পরিচালক, স্থানীয় সরকার, সিলেট কার্যালয়ের জন্য রাজস্ব খাতে অস্থায়ীভাবে সৃজিত ১০টি পদ সংরক্ষণ সংক্রান্ত।

জনপ্রশাসন মন্ত্রণালয়ের প্রশাসন-৩ শাখার নং-০৫.১১২.০২৮.০০.০০.০০৯.২০১১-১৩২, তাং-২৭/০২/২০১৪।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের প্রেক্ষিতে পরিচালক, স্থানীয় সরকার, সিলেট কার্যালয়ের জন্য অস্থায়ীভাবে নিম্নবর্ণিত ১০টি পদ সৃজন করা হয়। পদগুলি সৃজনের পর হতে ৩ বছর অর্থাৎ ০১-০৬-২০১৪ খ্রিঃ হতে ৩১-০৫-২০১৭ খ্রিঃ তারিখ পর্যন্ত স্থানীয় সরকার বিভাগ হতে সংরক্ষণ করা হতো। বর্ণিত ১০টি পদ সৃজনের পর হতে ৩ বছর সময় অতিক্রান্ত হওয়ায় এখন বছরভিত্তিক অর্থাৎ ০১-০৬-২০১৭ খ্রিঃ হতে ৩১-০৫-২০১৮ খ্রিঃ পর্যন্ত নিয়মিত সংরক্ষণ করা প্রয়োজন।

ক্রমিক নং-	পদের নাম	পদ সংখ্যা	বেতনস্কেল, ২০০৯ অনুযায়ী
১	সাঁটলিপিকার কাম কম্পিউটার অপারেটর	০১ (এক)	৫৫০০-১২০৯৫/- (১৩নং গ্রেড)
২	সাঁটমুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর	০২ (দুই)	৫২০০-১১২৩৫/- (১৪নং গ্রেড)
৩	অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক	০৩ (তিন)	৪৭০০-৯৭৪৫/- (১৬নং গ্রেড)
৪	গাড়ীচালক	০১ (এক)	৪৭০০-৯৭৪৫/- (১৬নং গ্রেড) হালকা লাইসেন্সধারীদের জন্য ৪৯০০-১০৪৫০/- (১৫নং গ্রেড) ভারী লাইসেন্সধারীদের জন্য
৫	অফিস সহায়ক (এমএলএসএস)	০২ (দুই)	৪১০০-৭৭৪০/- (২০নং গ্রেড)
৬	পরিচ্ছন্নতাকর্মী (সুইপার/ঝাড়ুদার)	০১ (এক)	৪১০০-৭৭৪০/- (২০নং গ্রেড)
	মোট	১০ (দশ)	

২। উক্ত পদগুলো বছরভিত্তিক মঞ্জুরি ভিত্তিতে সংরক্ষণযোগ্য।

৩। উক্ত পদসমূহের বেতন-ভাতাদি ও অন্যান্য ব্যয় স্থানীয় সরকার বিভাগের পল্লী উন্নয়ন প্রতিষ্ঠানের বিপরীতে বরাদ্দকৃত রাজস্ব বাজেটের কোড নং-৩-৩৭০৩-০০০০ হতে মিটানো হবে।

এমতাবস্থায়, পরিচালক, স্থানীয় সরকার, সিলেট বিভাগ কার্যালয়ের উক্ত ১০ (দশ)টি পদ ০১-০৬-২০১৭ খ্রিঃ হতে ৩১-০৫-২০১৮ খ্রিঃ পর্যন্ত নিয়মিত সংরক্ষণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তঃ ..... পাতা।



(ড. গোলাম মোঃ ফারুক)

উপসচিব

ফোন : ৯৫১৪৬১১

ইমেইলঃ mon1@lgd.gov.bd

সিনিয়র সচিব

জনপ্রশাসন মন্ত্রণালয়

বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

অনুলিপিঃ

১। পরিচালক, স্থানীয় সরকার, সিলেট বিভাগ।

২। সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ।

৩। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ)।